

# মূল বেতনের ৭০% প্রণোদনা পাচ্ছেন বেসিক সাবজেক্টের শিক্ষকরা

অনলাইন ডেঙ্ক



## স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর

সংগৃহীত ছবি

পাঁচটি মেডিক্যাল বিশ্ববিদ্যালয়সহ চিকিৎসা  
শিক্ষাপ্রতিষ্ঠানের বেসিক সাবজেক্টের  
শিক্ষকদের মূল বেতনের ৭০ শতাংশ হারে  
প্রণোদনার ঘোষণা দিয়ে প্রজ্ঞাপন জারি করেছে  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। ৮ বেসিক  
সাবজেক্ট ছাড়াও আরো দুটি বিষয়ের  
শিক্ষকদের ক্ষেত্রেও এই প্রণোদনা কার্যকর  
হবে। মঙ্গলবার (৪ নভেম্বর) মন্ত্রণালয় থেকে এ  
সংক্রান্ত দুটি প্রজ্ঞাপন জারি করা হয়।

৩ পড়ুন



ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

## দুই ইসলামী ব্যাংকের কাছে ব্যাখ্যা চেয়ে ধর্ম মন্ত্রণালয়ের চিঠি

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের  
চিকিৎসা শিক্ষা-১ শাখা থেকে জারি করা  
প্রজ্ঞাপন দুটিতে সিনিয়র সহকারী সচিব সঞ্চীব  
দাশ সই করেছেন।

এর মধ্য দিয়ে বাংলাদেশ মেডিক্যাল  
বিশ্ববিদ্যালয়ের (বিএমইউ) পাশাপাশি রাজশাহী,  
চট্টগ্রাম, সিলেট ও খুলনা মেডিক্যাল  
বিশ্ববিদ্যালয়ের তিনটি বিভাগের শিক্ষকরা মূল  
বেতনের ৭০ শতাংশ প্রণোদনা পাবেন।  
বিভাগগুলো হলে- অ্যানাটমি, ফিজিওলজি এবং  
ফার্মাকোলজি বিভাগ। এ ছাড়া ৩৭টি সরকারি  
মেডিক্যাল ও একটি ডেন্টাল কলেজ, সেন্টার  
ফর মেডিক্যাল এডুকেশন (সিএমই) এবং ১৯টি  
বিশেষায়িত প্রতিষ্ঠানের ১০ বিভাগের শিক্ষকরা  
পাবেন এই প্রণোদনা। এর মধ্যে ৮টি বেসিক  
সাবজেক্ট হলো- এনাটমি, ফিজিওলজি,  
বায়োকেমিস্ট্রি, ফার্মাকোলজি, ফরেনসিক  
মেডিসিন, কমিউনিটি মেডিসিন, প্যাথলজি ও  
মাইক্রোবায়োলজি।

ভাইরোলজি ও এনেক্সিওলজি বিষয় বেসিক  
সাবজেক্ট না হলেও নন-প্র্যাকটিসিং হওয়ায় এ  
সুবিধার আওতায় আসবেন তারা।

## পড়ুন



চলতি বছরের সর্বাধিক উপর্যুক্তিশীল  
অভিনেত্রী রাশমিকা

মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের প্রজ্ঞাপনে বলা হয়,  
‘চিকিৎসা শিক্ষায় বেসিক সাবজেক্টের শিক্ষক  
সংকট দূরীকরণের নিমিত্তে অর্থ মন্ত্রণালয়ের  
অর্থ বিভাগের ২৫ সেপ্টেম্বর স্মারকে  
মঞ্জুরকৃত বাংলাদেশ মেডিক্যাল  
বিশ্ববিদ্যালয়সহ ৫টি মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে  
কর্মরত স্নাতকোত্তর ডিগ্রিধারী ৩টি সাবজেক্টে  
পাঠদানরত শিক্ষকদের অনুকূলে নন-  
প্র্যাকটিসিং ভাতা হিসেবে মূল বেতনের ৭০  
শতাংশ হারে শর্তসাপেক্ষে মাসিক প্রগোদ্ধনা  
ভাতা প্রদান করা হলো।’

অপর প্রজ্ঞাপনে বলা হয়েছে, ‘চিকিৎসা শিক্ষায়  
বেসিক সাবজেক্টের শিক্ষক সংকট দূরীকরণের  
নিমিত্তে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ২৫  
সেপ্টেম্বর একটি স্মারকে মঞ্জুরকৃত দেশের

৩৭টি সরকারি মেডিক্যাল কলেজ, ঢাকা  
ডেন্টাল কলেজ, সেন্টার ফর মেডিক্যাল  
এডুকেশন এবং ১৯টি বিশেষায়িত প্রতিষ্ঠানে  
১০টি সাবজেক্টে পাঠদানরত শিক্ষকদের  
অনুকূলে নন-প্র্যাকটিসিং ভাতা হিসেবে মূল  
বেতনের ৭০ শতাংশ হারে শর্তসাপেক্ষে মাসিক  
প্রগোদনা ভাতা প্রদান করা হলো।’

## পড়ুন



লাওসে ভিমরুলের কামড়ে মার্কিন বাবা-  
ছেলের মৃত্যু

তবে উভয় ক্ষেত্রে একই শর্ত রাখা হয়েছে।

শর্ত হিসেবে প্রজ্ঞাপনে বলা হয়, কর্মরত  
মাতকোওর ডিগ্রিধারী বেসিক সাবজেক্টের  
শিক্ষকদের মাসিক প্রগোদনা ভাতা প্রদানের  
লক্ষ্য তাদের নিকট থেকে দাপ্তরিকভাবে নন-  
প্র্যাকটিসিং ডিল্লারেশন নিতে হবে। সংশ্লিষ্ট  
সাবজেক্টের কোন শিক্ষক নন-প্র্যাকটিসিং  
ডিল্লারেশন দিতে ব্যর্থ হলে কিংবা  
প্র্যাকটিসিংয়ের সাথে জড়িত মর্মে প্রমাণ হলে  
তিনি প্রগোদনা ভাতা প্রাপ্তির জন্য বিবেচিত  
হবেন না।

চলতি ২০২৫-২০২৬ অর্থবছর হতে এই আর্থিক  
সুবিধা কার্যকর হবে উল্লেখ করে শর্ত হিসেবে  
আরও বলা হয়, এ ভাতা প্রদানের ক্ষেত্রে  
যাবতীয় আর্থিক বিধি-বিধান ঘথাঘথভাবে  
অবশ্যই অনুসরণ করতে হবে, ৯ম জাতীয়  
বেতন ক্ষেত্রে এই ভাতার হার অপরিবর্তনীয়  
থাকবে এবং ভাতা সংক্রান্ত ব্যয়ে ভবিষ্যতে  
কোন অনিয়ম পরিলক্ষিত হলে বিল  
পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।